

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৮ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৪৫-আইন/২০১৫/২৫/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) তে বর্ণিত পণ্য সমূহকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর নিম্নবর্ণিত শর্তাবলীনে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :-

“TABLE”

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
48.21	4821.90.00	Sticker paper (non printed)
84.67	8467.19.00	Pneumatic tools with self-contained electric or non electric-motor
84.86	8486.90.00	Parts and accessories
85.43	8543.70.10	Remote control for electronic and electrical apparatus
87.08	8708.40.00	Gear box

শর্তাবলী

- (১) আমদানিকারক প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত খেলনা প্রস্ততকারী প্রতিষ্ঠান হইতে হইবে;
- (২) আমদানিকৃত উপকরণ শুধু খেলনা প্রস্ততকারী প্রতিষ্ঠানে ব্যবহৃত হইবে মর্মে আমদানিকারক কর্তৃক ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;
- (৩) এতদসংশ্লিষ্ট পণ্য চালান ছাড় পরবর্তীতে কাস্টমস কর্তৃপক্ষ চালানে আমদানিকৃত পণ্যের তথ্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন;
- (৪) সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ শর্ত (৩) অনুসারে আমদানিকৃত পণ্য যথাযথ উদ্দেশ্যে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা যাচাইপূর্বক সংশ্লিষ্ট কাস্টম স্টেশনের কমিশনার বরাবরে একটি প্রতিবেদন প্রেরণ করিবেন;
- (৫) শর্ত (৪) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারক কর্তৃক খেলনা শিল্পে আংশিকভাবে ব্যবহৃত হইয়াছে বা ব্যবহৃত হয় নাই তাহা হইলে প্রযোজ্য হারে শুল্ক, কর এবং জরিমানা (fine) আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

পরিশিষ্ট
[শর্ত (২) দ্রষ্টব্য]

অঙ্গীকারনামা

আমি ----- মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/
ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----
(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার প্রতিষ্ঠান
বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর)। আমি খণ্ডপত্র
নং-----, তারিখ :-----, ইনভয়েস
নং----- তারিখ :-----, বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক
রিসিট নং ----- তারিখ :----- এর মাধ্যমে আমদানিকৃত

উপকরণ খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে
আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act,
1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া
লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর :
 তারিখ :
 মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালকের
 নাম :
 প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : " |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত-
 (মোঃ নজিবুর রহমান)
 সচিব।